দৈনিক বাংলা

তারিখ 25 NOV 1991

পৃষ্ঠা 6 কলাম 8

58

# চট্টগ্রাম ভার্সিটিতে ধর্মঘট চলছে

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : চট্টগ্রাম, ২৪ নবেম্বর : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্র ঐক্যের আহ্বানে আজ দ্বিতীয় দিনের মত সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিতহয়েছে।

ধর্মঘট চলাকালে কোন ক্লাস হয়নি। তবে অনার্স ফাইনাল পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সাটল ট্রেনগুলো বন্ধ থাকলেও সকাল ১১টায় একটি ট্রেন বিশ্ববিদ্যালয়ের উদ্দেশে ছেড়ে যায়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে আজ বিকালে নগরীর ডাক্তার মিলন চত্বরে ছাত্র-শিক্ষক-অভি-ভাবকদেরবিশাল গণজমায়েত অনুষ্ঠিত হয়।

ছাত্রনেতা জয়দীপ বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ডঃ ইফতেখার উদ্দিন, আনোয়ারুল আজিম, এডভোকেট শফিউল বাশার প্রমুখ। বক্তারা বলেন, দীর্ঘদিন যাবৎ একটি সাম্প্রদায়িক গোষ্ঠী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ করে রাখার অপপ্রয়াস চালাচ্ছে। তাদের প্রতিহত করতেহবে।